**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 15-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**TFTI-CM :**

ত্রিপুরা ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউটের পক্ষ থেকে গতকাল আগরতলায় ২৫তম ইন্টারন্যাশনাল ইন্ডিয়ান ফিল্ম একাডেমি অ্যাওয়ার্ড প্রাপ্ত 'লাপাতা লেডিস' সিনেমার গল্পকার, বিপ্লব গোস্বামীকে সংবর্ধনা প্রদান করা হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা চলচিত্র শিল্পে বিপ্লব গোস্বামীর কাজের ভূয়সী প্রশংসা করেন। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন, রাজ্যের বর্তমান প্রজন্ম বিপ্লব গোস্বামীর মত প্রখ্যাত ব্যক্তিদের দেখে অনুপ্রাণিত হবে।

########Byte-CM########

লাপাতা লেডিসের গল্পকার বিপ্লব গোস্বামী তার বক্তব্যে আকাশবাণী আগরতলা কেন্দ্রে কাজ করার সময় থেকেই চলচ্চিত্রের প্রতি তার গভীর মনোনিবেশের বিষয়টিও উল্লেখ করেন। তিনি বলেন, আইফা অ্যাওয়ার্ড পাওয়া অত্যন্ত আনন্দের বিষয় ও এক বিরল অনুভূতি।

########Byte Biplab Goswami########

উল্লেখ্য, বিপ্লব গোস্বামীকে সম্প্রতি রাজস্থানের জয়পুরে অনুষ্ঠিত ২৫তম ইন্টারন্যাশনাল ইন্ডিয়ান ফিল্ম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস অনুষ্ঠানে 'লাপাতা লেডিস' হিন্দি ফিল্মের জন্য দ্য পপুলার ক্যাটাগরিতে বেস্ট স্টোরি পুরস্কারে ভূষিত করা হয়েছে।

**************************

**Coal and Mines :**

ভারতের খনি খাতকে উৎসাহিত করার একটি পদক্ষেপে, খনি মন্ত্রক, গোয়া সরকারের সহযোগিতায়, ভারতে প্রথমবারের মতো অনুসন্ধান লাইসেন্সের

নিলাম চালু করেছে। কেন্দ্রীয় কয়লা ও খনি মন্ত্রী, জি. কিষাণ রেড্ডি এবং গোয়ার মুখ্যমন্ত্রী ড. প্রমোদ সাওয়ান্ত, গোয়ায় একটি অনুষ্ঠানে এই উদ্যোগের উন্মোচন করেন। নিলামে ১৩টি এক্সপ্লোরেশন লাইসেন্স ব্লকের উপর নজর দেওয়া হবে যেখানে বিরল আর্থ এলিমেন্টস, জিঙ্ক, কপার এবং ডায়মন্ডের মতো গুরুত্বপূর্ণ খনিজগুলি রয়েছে। এই স্বচ্ছ, অনলাইন বিডিং প্রক্রিয়ার লক্ষ্য পদ্ধতিগত অন্বেষণকে ত্বরান্বিত করা এবং খনিজ আমদানির উপর ভারতের নির্ভরতা হ্রাস করা।

***************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জাপানি ভাষায় প্রশিক্ষণপ্রাপ্ত ছয়জন নার্সিং পাশ করা যুবক যুবতীকে গতকাল সংবর্ধনা দিয়েছেন। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বানিজ্য মন্ত্রী শান্তনা চাকমা, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, শিল্প ও বানিজ্য দপ্তরের সচিব কিরন গিত্যে সহ অন্যরা। মুখ্যমন্ত্রী জাপানি ভাষায় প্রশিক্ষণ নিয়ে নার্সিং কেয়ারগিভার হিসেবে চাকুরি পাওয়া ছয়জন যুবক যুবতীকে জাপানে গিয়ে ভালোভাবে কাজ করার পরামর্শ দেন। তিনি রাজ্যের ছেলে মেয়েদের মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে দক্ষতার উপর প্রশিক্ষণ নিয়ে নিজ নিজ ক্ষেত্রে প্রতিষ্ঠিত হতে উপদেশ দিয়েছেন।

*****************************

**Holi-South :**

গতকাল দক্ষিণ জেলার বিভিন্ন সীমান্ত চৌকি ও বকাফায় বিএসএফের সদর দপ্তরে হোলির আনন্দে মেতে উঠেন জওয়ানরা। ঋষ্যমুখ ব্লকের বলাইটিলা বিওপিতে জওয়ানদের সঙ্গে হোলির আনন্দে মেতে উঠেন বিএসএফ উদয়পুর সেক্টরের ডিআইজি অনিল শর্মা। এদিকে, পশ্চিম জেলার লংকামুড়া সীমান্তে বি.এস.এফ জওয়ানরা হোলি উৎসবে মেতে উঠেছেন।

*****************************

**Ramjan :**

পবিত্র রমজান মাস উপলক্ষে গতকাল দক্ষিণ রামনগরে জামে মসজিদে মুসলিম ধর্মাবলম্বীদের ইফতার মাহফিল ও বস্ত্র বিতরণ কর্মসূচি পালন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, রাজ্য সংখ্যালঘু মোর্চার চেয়ারম্যান জসীমউদ্দীন সহ অন্যরা।

*****************************

**CONSUMER RIGHTS DAY :**

আজ বিশ্ব ভোক্তা অধিকার দিবস। গ্রাহকদের অধিকার এবং সুরক্ষা নিশ্চিত করতে এই দিবসটি উদযাপন করা হয়। এ বছরের বিশ্ব ভোক্তা দিবসের ভাবনা হচ্ছে Sustainable Lifestyles.

*******************************************

**LED VAN :**

নিজে সুস্থ থাকা এবং অন্যকে সুস্থ রাখার শ্লোগানকে সামনে রেখে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে উদয়পুর গোমতী জেলার স্বাস্থ্য দপ্তরের কাছে এলইডি ভ্যান প্রদান করা হয়েছে। গতকাল এই ভ্যানের উদ্বোধন করেন গোমাতি জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা। তিনি জানান, এই ভ্যানের মাধ্যমে গোমতী জেলার সব কয়টি ভিলেজ এবং গ্রাম পঞ্চায়েত এলাকা সহ পুর পরিষদ এলাকায় এই ভ্যান ঘুরে ঘুরে স্বাস্থ্য সম্পর্কে অবহিত করা হবে জনগণকে।

*****************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। উত্তর ত্রিপুরা, ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি ও ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৪ ডিগ্রী সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *